গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন
(বিসিক) ৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
ওয়েবসাইট: www.bscic.gov.bd

# শিল্পপ্লট বরাদ্দের বিজ্ঞপ্তি

কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতের উদ্যোক্তাদের শিল্প স্থাপনে সহায়তাকরণের লক্ষ্যে বিসিক শিল্পনগরী/শিল্পপার্কে বিভিন্ন ধরণের অবকাঠামোগত সুবিধাসহ (বিদ্যুৎ, গ্যাস, পানি, ড্রেন, রাস্তা, কালভার্ট ইত্যাদি) শিল্পপ্লট বরাদ্দ প্রদান করা হবে। আগ্রহী শিল্প উদ্যোক্তাগণ বিসিক প্রধান কার্যালয়/সংশ্লিষ্ট আঞ্চলিক/জেলা/শিল্পনগরী/শিল্পপার্ক কার্যালয় বরাবর বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ৩০ দিনের মধ্যে আবেদন করতে পারবেন। আবেদনের তথ্যাবলী সংশ্লিষ্ট আঞ্চলিক/জেলা /শিল্পনগরী/শিল্পপার্ক কার্যালয় এবং বিসিকের ওয়েবসাইটে (**www.bscic.gov.bd**) পাওয়া যাবে।

# বিসিক শিল্পনগরী মাদারীপুর (সম্প্রসারণ)-এ শিল্পপ্লট বরাদ্দ চলছে

## আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

(০১) আবেদনকারীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট আকারের ছবি (২ কপি);
(০২) উদ্যোক্তার জাতীয়তার সনদপত্র ও জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট/জন্ম নিবন্ধনের কপি;
(০৩) হালনাগাদ ট্রেড লাইসেন্স;
(০৪) হালনাগাদ রিটার্ন দাখিলের প্রমাণকসহ আয়কর সার্টিফিকেট;
(০৫) বাস্তবায়ন তফসিল ও আর্থিক বিশ্লেষণসহ স্বয়ংসম্পূর্ণ প্রকল্প প্রস্তাবনা (বিল্ডিং ও মেশিনারী লে-আউট প্ল্যানের খসড়াসহ);
(০৬) নিজস্ব অর্থে প্রকল্প স্থাপনের ক্ষেত্রে ৩০০/-টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা এবং প্লট বরাদ্দের বিজ্ঞপ্তি প্রকাশের পূর্ববর্তী ০১ বছরের ব্যাংক লেনদেন প্রতিবেদন;
(০৭) প্রকল্প প্রস্তাবনায় উল্লিখিত বিনিয়োগযোগ্য প্রকল্প মূল্যের সর্বনিম্ন ৩০% অর্থের লেনদেন প্লট বরাদ্দের বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বের ০১ (এক) বছরের ব্যাংক লেনদেন প্রতিবেদনে থাকলে উদ্যোক্তার স্বচ্ছলতার প্রমাণক হিসেবে বিবেচিত হবে;
(০৮) অংশীদারিত্ব প্রকল্পের ক্ষেত্রে রেজিস্টার্ড অংশীদারী দলিল এবং অংশীদারদের সভার নোটারীকৃত রেজুলেশন;
(০৯) লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মসের রেজিস্ট্রেশন, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এন্ড আর্টিক্যালস অব এসোসিয়েশন, হালনাগাদ ফরম-১২ এবং কোম্পানীর পরিচালনা পর্ষদের সভার রেজুলেশন;
(১০) বিসিকের সংশ্লিষ্ট শিল্পনগরী/শিল্পপার্কের অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে জামানত বাবদ আবেদিত প্লটের মূল্যের ২০% অর্থের পে-অর্ডার/ডিডি;
(১১) বিসিক শিল্প নিবন্ধন সনদপত্র;
(১২) উদ্যোক্তার অভিজ্ঞতার সনদসহ জীবনবৃত্তান্ত;

## শিল্পপ্লট গ্রহণের সুবিধাসমূহ:

* শিল্পনগরী/শিল্পপার্কে, ডাম্পিং ইয়ার্ড, গ্রিন জোন, ফায়ার সার্ভিস, মসজিদ, লেক ইত্যাদি সুবিধা;
* মহাসড়ক/রেল স্টেশন/নদীর পাশে অবস্থিত হওয়ায় কাঁচামাল ও উৎপাদিত পণ্য পরিবহনে সুবিধা;
* শিল্পপ্লট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে বন্ধক রেখে ঋণ গ্রহণ সুবিধা;
* ওয়ান স্টপ সার্ভিস সুবিধা।

মূল্য পরিশোধ সংক্রান্ত তথ্য:

* পুরুষ শিল্পোদ্যোক্তাদের ক্ষেত্রে প্লটের মূল্য এককালীন অথবা ৬ বছরে ১২ কিস্তিতে পরিশোধযোগ্য;
* নারী শিল্পোদ্যোক্তাদের ক্ষেত্রে প্লটের মূল্য এককালীন অথবা ৭ বছরে ১৪ কিস্তিতে পরিশোধযোগ্য;
* আবেদনপত্র জমা দেয়ার সময় পুরুষ শিল্পোদ্যোক্তাদের ক্ষেত্রে চাহিত প্লটের জমির মোট মূল্যের ২০% এবং নারী শিল্পোদ্যোক্তাদের ক্ষেত্রে ১৫% অর্থের পে অর্ডার/ ডিডি (সংশ্লিষ্ট শিল্পনগরী/শিল্পপার্ক কার্যালয়ের অনুকূলে) সংযুক্ত করতে হবে; উল্লেখ্য, "বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের (বিসিক) শিল্পনগরী/ শিল্পপার্কে প্লট বরাদ্দ ও ব্যবস্থাপনা নীতিমালা-২০২৩" অনুযায়ী প্লট বরাদ্দ কার্যক্রম সম্পন্ন হবে।

## যোগাযোগ:
## বিসিক জেলা কার্যালয়, মাদারীপুর

বিজ্ঞপ্তিটি ১৭.০৮.২০২৬ তারিখ বাংলাদেশ প্রতিদিন, বাংলাদেশ বুলেটিন ও Business Standard পত্রিকায় প্রকাশিত হয়েছে।

**আবেদন পত্রের মূল্য ১০০০/-**

**আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ: ১৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.**